

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কর্যালয়  
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার নং - 08

তারিখ মার্চ ১৬, ২০০৮  
চতুর্থ ২, ১৪১৪

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ।

প্রিয় মহোদয়,

আমদানী অর্থায়নে সুদ হার নির্ধারণ প্রসংগে ।

আপনারা অবহিত আছেন যে, নিত্যপ্রয়োজনীয় পণ্যের পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত ও পণ্যমূল্যের উন্নতি  
রোধকল্পে চাল, গম, চিনি, ভোজ্য তেল (পরিশোধিত ও অপরিশোধিত), ছোলা, মটর, ডাল, পেঁয়াজ, মশলা, খেঁজুরের  
আমদানীর অর্থায়নের ক্ষেত্রে ঝণের সুদের হার সাময়িকভাবে ১২% এ নির্ধারণ করতঃ বিআরপিডি সার্কুলার নং ০৯,  
তারিখ: আগস্ট ১৪, ২০০৭ জারী করা হয় ।

এক্ষণে, লক্ষ্য করা যাচ্ছে যে, গুঁড়ো দুধের বাজারমূল্যেও উন্নতি পরিলক্ষিত হচ্ছে যে কারণে গুঁড়ো দুধের  
বাজারমূল্য ত্রাসকল্পে এবং বাজারে পর্যাপ্ত সরবরাহ নিশ্চিতকল্পে উপরিবর্ণিত অত্যাবশ্যকীয় পণ্যেসমূহের মত গুঁড়ো দুধের  
আমদানী অর্থায়নের সুদের হারও সাময়িকভাবে ১২% এ নির্ধারণ করা হলো ।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর করা হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বাস,

(মোঃ জাহাঙ্গীর আলম)  
মহাব্যবস্থাপক(ভারপ্রাপ্ত)  
ফোন: ৭১১৭৮২৫